গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(বোর্ড প্রশাসন-১ শাখা)
www.nbr.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৪.০১১.১৮/ ৪৬২

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ, ১৪২৬
২২ মে, ২০১৯

# নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় রাজস্ব বোর্ডের নিম্নলিখিত শুন্য পদসমূহে নিম্নবর্ণিত শর্তে অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০ | ১১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর।<br>ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর।<br>চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি।<br>রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ।<br>রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও।<br>যশোর, মাগুড়া, নড়াইল, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর।<br>ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী।<br>সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদনের জন্য যোগ্য হবেন।<br><br>এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | পরিসংখ্যান অনুসন্ধায়ক<br>গ্রেড-১২, ১১৩০০-২৭৩০০ | ৫টি | Master's degree or Second class Bachelor's degree with Honor's in Statistics or Economics or Mathematics from a recognized University | |
| ৩. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩, ১১০০০-২৬৫৯০ | ১৩টি | উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ইংরেজি শর্টহ্যান্ড ও টাইপ রাইটিং এর ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ৮০ ও ২৫ শব্দ এবং বাংলা শর্টহ্যান্ড ও টাইপ রাইটিং এর গতি প্রতি মিনিটে ৫০ ও ২০ শব্দ। | |
| ৪. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৩, ১১০০০-২৬৫৯০ | ১২টি | Bachelor's degree from a recognized University. | |
| ৫. | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০ | ২৮টি | উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ইংরেজি শর্টহ্যান্ড ও টাইপ রাইটিং এর ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ৭০ ও ২৫ শব্দ এবং বাংলা শর্টহ্যান্ড ও টাইপ রাইটিং এর গতি প্রতি মিনিটে ৪৫ ও ২০ শব্দ। | |
| ৬. | টার্মিনাল অপারেটর<br>গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০ | ৫টি | (a) HSC Preferably in Science Group<br>(b) Must qualify standard aptitude test for data entry Operator. | |
| ৭. | পাঞ্চ কার্ড অপারেটর<br>গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০ | ১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটারে বাস্তব জ্ঞান থাকা প্রয়োজন। | |
| ৮. | ডাটা এন্ট্রি অপারেটর<br>গ্রেড-১৬, ৯,৩০০-২২,৪৯০/- | ৭টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ৯. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০ | ৪টি | উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে বাংলা ২০ এবং ইংরেজি ২৮ শব্দ। | |
| ১০. | টেলিফোন অপারেটর<br>গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০ | ২টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) টেলিফোন অপারেটর বিষয়ে দক্ষতা সম্পন্ন। | |
| ১১. | ড্রাইভার<br>গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০ | ১০টি | (ক) অষ্টম শ্রেণী পাশ<br>(খ) তিন বছরের গাড়ী চালানোর অভিজ্ঞতাসহ বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী। | |

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে ঃ

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

২। আবেদনকারীর বয়স ০১/০৫/২০১৯ খ্রিঃ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। জন্ম তারিখ সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বছর বয়সসীমার মধ্যে সরকারী চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;

৩। সকল প্রার্থীকে অনলাইনে http://nbr.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী ২৬/০৫/২০১৯ সকাল ৬.০০ ঘটিকা হতে ৩০/০৬/২০১৯ তারিখ সন্ধ্যা ৬.০০ টার মধ্যে আবেদন করতে হবে। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। টাকা জমা না দেয়া পর্যন্ত অনলাইনে আবেদনপত্র গৃহীত হবে না। একবার এসএমএস করে আবেদন ফি জমা দিলে তা প্রত্যাহার করা যাবে না;

৪। বর্ণিত পদের জন্য ১১০(একশত দশ) টাকা জমা দিতে হবে। বিস্তারিত নিয়মাবলি online নিয়োগ বিজ্ঞপ্তি http://nbr.teletalk.com.bd এবং http://nbr.gov.bd -তে পাওয়া যাবে;

৫। বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন;

৬। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পুরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি এবং চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে;

৭। লিখিত, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না;

৮। যে কোন তথ্য ও কারিগরি সহযোগিতার জন্য Teletalk Customer Care এ যোগাযোগ অথবা Teletalk মোবাইল থেকে 121 এ ফোন করা যেতে পারে;

৯। বর্ণিত পদের ক্ষেত্রে ''দি নন গেজেটেড এমপ্লয়ীজ (ন্যাশনাল বোর্ড অব রেভিনিউ) রিক্রুটমেন্ট রুলস্, ১৯৮৪ " এর বিধি-বিধান অনুসরণ করা হবে;

১০। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১১। প্রচলিত বিধি মোতাবেক প্রার্থীদের জেলাওয়ারি কোটা, মুক্তিযোদ্ধা কোটা, মহিলা কোটা, উপজাতি কোটা, আনসার ও ভিডিপি, শিশু সদন হতে অব্যাহতি প্রাপ্ত এতিম/শারীরিক প্রতিবন্ধী ইত্যাদি কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে;

১২। Online ফরমের সকল অংশ (ছবিসহ) যথাযথ ভাবে পূরণ করে দিতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল করা হবে;

১৩। আবেদন পত্রে কোন তথ্য গোপন করা হলে বা কোন মিথ্যা তথ্য প্রদান করা হলে প্রার্থির প্রার্থীতা বাতিল (যে কোন সময়ে) করা হবে এবং একারণে প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৪। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

২৫/৫/১৯

(মুহাম্মদ কামরুল হাসান)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন/নিয়োগ কমিটি।